

আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৬৪০

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (كتاب النوافل)

পরিচ্ছেদঃ ১১) ক্বিয়ামুল্লায়ল (রাতে নফল নামায পড়া) করার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في قيام الليل

আরবী

(صحيح) وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: مَنْ حَافِظًا عَلَى هَوْلَاءِ الصَّلَوَاتِ الْمَكْتُوباتِ لَمْ يَكُنْ مِنَ الْغَافِلِينَ ، وَمَنْ قَرَأَ فِي لَيْلَةٍ مِئَةَ آيَةٍ لَمْ يُكْتَبْ مِنَ الْغَافِلِينَ ، أَوْ كُتِبَ مِنَ الْقَانِتِينَ. رواه ابن خزيمة

বাংলা

৬৪০. (সহীহ) আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত, নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ ”যে ব্যক্তি এই ফরয নামায সমূহের সংরক্ষণ করবে, সে গাফেল-উদাসীনদের অন্তর্ভুক্ত হবে না। যে ব্যক্তি রাতে একশতটি আয়াত পাঠ করবে তার নাম গাফেল-উদাসীনদের মধ্যে লিখা হবে না। অথবা তার নাম কানেতীনদের মধ্যে লিখা হবে।”

(ইবনে খুযায়মা ২/১৮০, হাকেম ১/৩০৮ হাদীছটি বর্ণনা করেছেন)

(সহীহ লি গাইরিহী) হাকেমের বর্ণনায় বলা হয়েছেঃ

مَنْ قَرَأَ عَشْرَ آيَاتٍ فِي لَيْلَةٍ لَمْ يُكْتَبْ مِنَ الْغَافِلِينَ ،

”যে ব্যক্তি রাতে দশটি আয়াত পাঠ করবে, তার নাম গাফেল-উদাসীনদের মধ্যে লিখা হবে না।” (হাকেম বলেন হাদীছটি মুসলিমের শর্ত অনুযায়ী সহীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88511>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন